b) However, such salaries, wages and other similar remuneration shall be taxable only in the other Contracting State if the services are rendered in that other State and the individual is a resident of that State who:

- (i) is a national of that State; or
- (ii) did not become a resident of that State solely for the purpose of rendering the services.

2. a) Any pension paid by, or out of funds created by, a Contracting State or a political subdivision or a local authority thereof to an individual in respect of services rendered to that State or subdivision or authority shall be taxable only in that State.

b) However, such pension shall be taxable only in the other Contracting State if the individual is a resident of, and a national of, that State.

3) The provisions of Articles 16, 17, 18 and 19 of this Agreement shall apply to salaries, wages and similar remuneration, and to pensions in respect of services rendered in connection with a business carried on by a Contracting State or a political subdivision or a local authority thereof.

Article 21

Teachers and Researchers

1. An individual who is or was immediately before visiting a Contracting State a resident of the other Contracting State and who, at the invitation of the Government of the first-mentioned Contracting State or of a university, college, school, museum or other cultural institution in that first mentioned Contracting State or under an official program of cultural exchange, is present in that Contracting State for a period not exceeding three consecutive years solely for the purpose of teaching, giving lectures or carrying out research at such institution shall be exempt from tax in that Contracting State on his remuneration for such activity.

2. The provisions of paragraph 1 of this Article shall not apply to income from research if such research is undertaken not in the public interest but primarily for the private benefit of a specific person or persons.

Article 22

Students and Trainees

1. Payments which a student or business trainee who is or was immediately before visiting a Contracting State a resident of the other Contracting State and who is present in the first-mentioned Contracting State solely for the purpose of his education or training receives for the purpose of his maintenance, education or training shall not be taxed in that Contracting State, provided that such payments arise from sources outside that Contracting State.

2. In respect of grants, scholarships and remuneration from employment not covered by paragraph 1, a student or business trainee described in paragraph 1 shall, in addition, be entitled during such education or training to the same exemptions, relief or reductions in respect of taxes available to residents of the State which he is visiting.

Article 23

Other Income

1. Items of income of a resident of a Contracting State, wherever arising, not dealt with in the foregoing Articles of this Agreement shall be taxable only in that State.

2. The provisions of paragraph 1 shall not apply to income, other than income from immovable property as defined in paragraph 2 of Article 6, if the recipient of such income, being a resident of a Contracting State, carries on business in the other Contracting State through a permanent establishment situated therein, or performs in that other Contracting State independent personal services from a fixed base situated therein, and the right or property in respect of which the income is paid is effectively connected with such permanent establishment or fixed base. In such case, the provisions of Article 7 or Article 15, as the case may be, shall apply.

Article 24

Elimination of Double Taxation

1. Where a resident of a Contracting State derives income which, in accordance with the provisions of this Agreement, is taxable in the other Contracting State, then the first-mentioned Contracting State shall allow as a deduction from the tax on income of that resident an amount equal to the tax paid in the other Contracting State, provided that such deduction shall not exceed that part of the tax, as computed before the deduction is given, which is attributable to the income derived from that other Contracting State.

2. For the purposes of paragraph 1 of this Article, the term “tax paid” shall be deemed to include the amount of tax which would have been paid in a Contracting State, should an exemption or reduction not be granted in accordance with the laws and regulations of that Contracting State.

Article 25**Non-Discrimination**

1. Nationals of a Contracting State shall not be subjected in the other Contracting State to any taxation or any requirements connected therewith which is other or more burdensome than the taxation and connected requirements to which nationals of that other State in the same circumstances, in particular with respect to residence, are or may be subjected. This provision shall, notwithstanding the provisions of Article 1, also apply to persons who are not residents of one or both of the Contracting States.

2. The taxation on a permanent establishment which an enterprise of a Contracting State has in the other Contracting State shall not be less favourably levied in that other State than the taxation levied on enterprises of that other State carrying on the same activities. This provision shall not be construed as obliging a Contracting State to grant to residents of the other Contracting State any personal allowances, reliefs and reductions for taxation purposes on account of civil status or family responsibilities which it grants to its own residents.

3. Except where the provisions of paragraph 1 of Article 9, paragraph 7 of Article 11, paragraph 6 of Article 12 or paragraph 7 of Article 13 apply, interest, royalties, fees for technical services and other disbursements paid by an enterprise of a Contracting State to a resident of the other Contracting State shall, for the purpose of determining the taxable profits of such enterprise, be deductible under the same conditions as if they had been paid to a resident of the first-mentioned State.

4. Enterprises of a Contracting State, the capital of which is wholly or partly owned or controlled, directly or indirectly, by one or more residents of the other Contracting State, shall not be subjected in the first-mentioned State to any taxation or any requirements connected therewith which is other or more burdensome than the taxation and connected requirements to which other similar enterprises of the first-mentioned State are or may be subjected.

5. The non taxation of nationals of Qatar under the taxation law of Qatar shall not be regarded as a discrimination under the provisions of this Article.

6. The provisions of this Article shall, notwithstanding the provisions of Article 2 of this Agreement, apply to taxes of every kind and description.

Article 26**Mutual Agreement Procedure**

1. Where a person considers that the actions of one or both of the Contracting States result or will result for him in taxation not in accordance with the provisions of this Agreement, he may, irrespective of the remedies provided by the domestic law of those States, present his case to the competent authority of the Contracting State of which he is a resident or, if his case comes under paragraph 1 of Article 25, to that of the Contracting State of which he is a national. The case must be presented within three years from the first notification of the action resulting in taxation not in accordance with the provisions of the Agreement.

2. The competent authority shall endeavour, if the objection appears to it to be justified and if it is not itself able to arrive at a satisfactory solution, to resolve the case by mutual agreement with the competent authority of the other Contracting State, with a view to the avoidance of taxation which is not in accordance with this Agreement. Any Agreement reached shall be implemented notwithstanding any time limits in the domestic law of the Contracting States.

3. The competent authorities of the Contracting States shall endeavour to resolve by mutual agreement any difficulties or doubts arising as to the interpretation or application of the Agreement. They may also consult together for the elimination of double taxation in cases not provided for in the Agreement.

4. The competent authorities of the contracting States may communicate with each other directly, including through a joint commission consisting of themselves or their representatives, for the purpose of reaching an agreement in the sense of the preceding paragraphs.

Article 27**Exchange of Information**

1. The competent authorities of the Contracting States shall exchange such information as is foreseeably relevant for carrying out the provisions of this Agreement or to the administration or enforcement of the domestic laws concerning taxes of every kind and description imposed on behalf of the Contracting States, or of their political subdivisions or local authorities, insofar as the taxation thereunder is not contrary to the Agreement. The exchange of information is not restricted by Articles 1 and 2 of this Agreement.

2. Any information received under paragraph 1 by a Contracting State shall be treated as secret in the same manner as information obtained under the domestic laws of that State and shall be disclosed only to persons or authorities (including courts and administrative bodies) concerned with the assessment or collection of, the enforcement or prosecution in respect of, the determination of appeals in relation to the taxes referred to in paragraph 1, or the oversight of the above. Such persons or authorities shall use the information only for such purposes. They may disclose the information in public court proceedings or in judicial decisions. Notwithstanding the foregoing, information received by a Contracting State may be used for other purposes when such information may be used for such other purposes under the laws of both States and the competent authority of the supplying State authorizes such use.

3. In no case shall the provisions of paragraphs 1 and 2 be construed so as to impose on a Contracting State the obligation:

a) to carry out administrative measures at variance with the laws and administrative practice of that or of the other Contracting State;

b) to supply information which is not obtainable under the laws or in the normal course of the administration of that or of the other Contracting State;

c) to supply information which would disclose any trade, business, industrial, commercial or professional secret or trade process, or information, the disclosure of which would be contrary to public policy.

4. If information is requested by a Contracting State in accordance with this Article, the other Contracting State shall use its information gathering measures to obtain the requested information, even though that other State may not need such information for its own tax purposes. The obligation contained in the preceding sentence is subject to the limitations of paragraph 3 but in no case shall such limitations be construed to permit a Contracting State to decline to supply information solely because it has no domestic interest in such information.

5. In no case shall the provisions of paragraph 3 be construed to permit a Contracting State to decline to supply information solely because the information is held by a bank, other financial institution, nominee or person acting in an agency or a fiduciary capacity or because it relates to ownership interests in a person.

Article 28**Members of Diplomatic Missions and Consular Posts**

Nothing in this Agreement shall affect the fiscal privileges of members of diplomatic missions or consular posts under the general rules of international law or under the provisions of special agreements.

Article 29**Entitlement to Benefits**

1. Notwithstanding the other provisions of this Agreement, a benefit under this Agreement shall not be granted in respect of an item of income if it is reasonable to conclude, having regard to all relevant facts and circumstances, that obtaining that benefit was one of the principal purposes of any arrangement or transaction that resulted directly or indirectly in that benefit, unless it is established that granting that benefit in these circumstances would be in accordance with the object and purpose of the relevant provisions of this Agreement.

2. Where a benefit under this Agreement is denied to a person under paragraph 1, the competent authority of the Contracting State that would otherwise have granted this benefit shall nevertheless treat that person as being entitled to this benefit, or to different benefits with respect to a specific item of income, if such competent authority, upon request from that person and after consideration of the relevant facts and circumstances, determines that such benefits would have been granted to that person in the absence of the transaction or arrangement referred to in paragraph 1. The competent authority of the Contracting State to which the request has been made will consult with the competent authority of the other State before rejecting a request made under this paragraph by a resident of that other State.

Article 30**Entry into Force**

1. The Contracting States shall notify each other in writing, through diplomatic channels, of the completion of the procedures required by their laws for the bringing into force of this Agreement. The Agreement shall enter into force on the date of receipt of the later of these notifications.

2. The provisions of this Agreement shall have effect:

a) In the case of Qatar:

(i) with regard to taxes withheld at source, in respect of amounts paid or credited on or after the first day of January of the calendar year immediately following the year in which the Agreement enters into force; and

(ii) with regard to other taxes on income, in respect of taxable years beginning on or after the first day of January of the calendar year immediately following the year in which the Agreement enters into force;

b) In the case of Bangladesh:

(i) with regard to taxes withheld at source, in respect of amounts paid or credited on or after the first day of July next following the date upon which the Agreement enters into force; and

(ii) with regard to other taxes on income, to income in any income year beginning on or after the first day of July next following the date upon which the agreement enters into force.

Article 31

Termination

1. This Agreement shall remain in force until terminated by a Contracting State. Either Contracting State may terminate the Agreement, through diplomatic channels, by giving written notice of termination at least six months before the end of any calendar year following the expiration of a period of five years from the date of its entry into force.

2. This Agreement shall cease to have effect:

a) In the case of Qatar:

(i) with regard to taxes withheld at source, in respect of amounts paid or credited on or after the first day of January of the calendar year immediately following the year in which the notice is given; and

(ii) with regard to other taxes on income, in respect of taxable years beginning on or after the first day of January of the calendar year immediately following the year in which the notice is given.

b) In the case of Bangladesh:

(i) with regard to taxes withheld at source, in respect of amounts paid or credited on or after the first day of July next following the date in which the notice is given; and

(ii) with regard to other taxes on income, to income in any income year beginning on or after the first day of July next following the date in which the notice is given.

IN WITNESS WHEREOF the undersigned, being duly authorized thereto, have signed this Agreement.

Done and signed in the city of Dhaka on 23/04/2024, in two original copies, each in Arabic, Bangla and English languages, all texts being equally authentic. In case of any divergence, the English text shall prevail.

For the Government of the State of
Qatar

For the Government of the People's
Republic of Bangladesh

আয়ের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং কর ফাঁকি ও কর পরিহার রোধের জন্য গণপ্রজাতন্ত্রী
বাংলাদেশ সরকার

এবং

দি স্টেট অব কাতার সরকারের

মধ্যে চুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং দি স্টেট অব কাতার সরকার, পরস্পরের মধ্যে অর্থনৈতিক
সম্পর্কের অধিকতর উন্নয়ন এবং কর সম্পর্কিত বিষয়ে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে,

করফাঁকি ও করপরিহারের (ট্রিটি-শপিং ব্যবস্থার মাধ্যমে তৃতীয় দেশের নিবাসীর জন্য এই চুক্তিতে বিধৃত
করছাড়ের পরোক্ষ সুবিধা-লাভসহ) মাধ্যমে কর অনারোপণ অথবা স্বল্প করারোপণের সুযোগ সৃষ্টি না
করিয়া আয়ের উপর দ্বৈতকর পরিহারের উদ্দেশ্যে চুক্তি সম্পাদনের অভিপ্রায়ে;

নিম্নরূপ বিষয়ে সম্মত হইল—

অনুচ্ছেদ ১

আওতাভুক্ত ব্যক্তিবর্গ

চুক্তি-সম্পাদনকারী এক অথবা উভয় রাষ্ট্রের নিবাসীদের ক্ষেত্রে এই চুক্তি প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ২

আওতাভুক্ত করসমূহ

- ১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্র অথবা উহার রাজনৈতিক উপ-বিভাগ অথবা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত আয়করের ক্ষেত্রে, উহা যে পদ্ধতিতেই ধার্য হউক না কেন, এই চুক্তি প্রযোজ্য হইবে।
- ২। এই চুক্তির আওতায় আয়কর অর্থ মোট আয়ের উপর অথবা আয়ের উপাদানের উপর ধার্যকৃত সকল কর, যাহার মধ্যে স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি হস্তান্তর হইতে প্রাপ্ত মুনাফা এবং কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত মোট মজুরি অথবা বেতনের উপর প্রদত্ত করও অন্তর্ভুক্ত হইবে।
- ৩। এই চুক্তি বিদ্যমান যেসকল করের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, উহা নিম্নরূপ—
(ক) দি স্টেট অব কাতারের ক্ষেত্রে—
(অ) আয়কর;
(আ) কর্পোরেশন কর;
(অতঃপর “কাতার কর” বলিয়া উল্লিখিত); এবং

(খ) বাংলাদেশের ক্ষেত্রে—

আয়কর এবং উহার উপর প্রযোজ্য সারচার্জ;

(অতঃপর “বাংলাদেশ কর” বলিয়া উল্লিখিত)।

- ৪। চুক্তি স্বাক্ষরিত হইবার পর এই চুক্তির বিধানাবলি বিদ্যমান করসমূহের অতিরিক্ত কিংবা উহাদের পরিবর্তে আরোপিত কোনো অভিন্ন বা মূলত একই ধরনের করসমূহের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে। চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ উহাদের স্ব স্ব কর আইনে আনীত গুরুত্বপূর্ণ পরিবর্তন সম্পর্কে পরস্পরকে অবহিত করিবে।

অনুচ্ছেদ ৩

সাধারণ সংজ্ঞাসমূহ

- ১। প্রসঙ্গের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, এই চুক্তিতে—

- (ক) “কাতার” অর্থ দি স্টেট অব কাতার এবং ভৌগোলিক অভিব্যক্তিতে ব্যবহৃত হইবার ক্ষেত্রে দি স্টেট অব কাতার অর্থ কাতারের ভূমি, রাষ্ট্রীয় জলসীমা এবং সমুদ্র তলদেশ ও উহার নিম্নবর্তী ভূ-স্তরসহ আঞ্চলিক সমুদ্রসীমা, উহাদের উপরিভাগের আকাশসীমা এবং একচেটিয়া অর্থনৈতিক অঞ্চল ও মহীসোপান, যাহার উপর আন্তর্জাতিক আইন ও দি স্টেট অব কাতারের জাতীয় আইন ও বিধি অনুযায়ী দি স্টেট অব কাতার সার্বভৌম ক্ষমতা ও অধিক্ষেত্র বিষয়ক অধিকার প্রয়োগ করে;
- (খ) “বাংলাদেশ” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানা এবং উহার সমুদ্রসীমা ও উপরিভাগের আকাশসীমা এবং যেকোনো সামুদ্রিক অঞ্চল যাহার উপর সমুদ্র-আইন সম্পর্কিত জাতিসংঘ কনভেনশনসহ আন্তর্জাতিক আইন এবং বাংলাদেশের আইনানুসারে বাংলাদেশের সার্বভৌম ক্ষমতা, অন্যান্য অধিকার ও অধিক্ষেত্র বিষয়ক অধিকার রহিয়াছে ;
- (গ) “চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্র” এবং “চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র” অর্থ প্রসঙ্গ অনুযায়ী, কাতার অথবা বাংলাদেশ;
- (ঘ) “ব্যক্তি” অর্থে কোনো প্রাকৃতিক সত্তা বিশিষ্ট ব্যক্তি, কোম্পানি এবং অন্য কোনো ব্যক্তিসংঘ অন্তর্ভুক্ত হইবে;
- (ঙ) “কোম্পানি” অর্থ কোনো সংস্থা অথবা করারোপণের উদ্দেশ্যে সংস্থারূপে গণ্য অন্য কোনো সত্তা;
- (চ) “চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান” এবং “চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান” অর্থ যথাক্রমে চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক পরিচালিত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান এবং চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কর্তৃক পরিচালিত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান;

- (ছ) “আন্তর্জাতিক পরিবহন-ব্যবস্থা” অর্থ চুক্তি-সম্পাদনকারী কোনো এক রাষ্ট্রে অবস্থিত কার্যকর ব্যবস্থাপনা সংবলিত কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক জাহাজ বা বিমানের মাধ্যমে পরিচালিত পরিবহন-ব্যবস্থা, তবে কেবল চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের বিভিন্ন স্থানের মধ্যে পরিচালিত নৌ-পরিবহন অথবা বিমান-পরিবহন পরিচালনা ইহার অন্তর্ভুক্ত হইবে না;
- (জ) “উপযুক্ত কর্তৃপক্ষ” অর্থ—
- (অ) কাতারের ক্ষেত্রে, অর্থমন্ত্রী, অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি;
- (আ) বাংলাদেশের ক্ষেত্রে, জাতীয় রাজস্ব বোর্ড, অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি;
- (ঝ) “নাগরিক”, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের ক্ষেত্রে, অর্থ—
- (অ) চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের জাতীয়তাদারী অথবা নাগরিকত্বধারী যেকোনো ব্যক্তি; অথবা
- (আ) চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রে বিদ্যমান আইনানুসারে অর্জিত মর্যাদাসম্পন্ন যেকোনো আইনানুগ ব্যক্তি, অংশীদারি কারবার ও সংঘ।
- ২। প্রসঙ্গের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র কর্তৃক এই চুক্তির বিধানাবলি কার্যকর করিবার ক্ষেত্রে, এই চুক্তিতে সংজ্ঞায়িত করা হয় নাই এইরূপ কোনো শব্দের অর্থ নির্ধারণের ক্ষেত্রে উক্ত সময়ে চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রে যেসকল করের ক্ষেত্রে এই চুক্তি প্রযোজ্য, সেই সকল আইনে উক্ত বিষয়ে প্রদত্ত অর্থ অথবা অন্যান্য আইনে এই বিষয়টি সংজ্ঞায়িত থাকিলে কর আইনে প্রদত্ত অর্থকে প্রাধান্য প্রদানপূর্বক প্রাপ্ত অর্থকে গ্রহণ করিতে হইবে।

অনুচ্ছেদ ৪

নিবাসী

- ১। এই চুক্তির উদ্দেশ্যে “চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী” অর্থ এইরূপ কোনো ব্যক্তি যিনি, উক্ত রাষ্ট্রের আইন অনুসারে, স্থায়ী নিবাস, আবাসস্থল, ব্যবস্থাপনার স্থান অথবা অনুরূপ প্রকৃতির কোনো মানদণ্ড অনুযায়ী করারোপযোগ্য এবং চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের সরকার এবং উহার রাজনৈতিক উপ-বিভাগ অথবা স্থানীয় কর্তৃপক্ষ, উহার কেন্দ্রীয় ব্যাংক এবং উহাদের বিধিবদ্ধ প্রতিষ্ঠান, এজেন্সি অথবা সংস্থা এবং উক্ত রাষ্ট্রের অভ্যন্তরীণ আইনে সংজ্ঞায়িত অন্য যেকোনো আইনানুগ ব্যক্তি চুক্তি-সম্পাদনকারী কোনো এক রাষ্ট্রের নিবাসী হিসাবে অন্তর্ভুক্ত হইবে। নিবাসী অর্থে সেই রাষ্ট্রের অবসরভাতা-তহবিল এবং দাতব্য প্রতিষ্ঠানও অন্তর্ভুক্ত হইবে।
- ২। যেক্ষেত্রে দফা ১ এর বিধানাবলির কারণে কোনো স্বতন্ত্র ব্যক্তি চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হিসাবে বিবেচিত হন, সেইক্ষেত্রে নিম্নরূপে তাহার মর্যাদা নির্ধারিত হইবে—
- (ক) চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রে তাহার নিজস্ব স্থায়ী বাড়ি রহিয়াছে তিনি কেবল চুক্তি-সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন; চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তাহার স্থায়ী বাড়ি থাকিলে চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রের সহিত তাহার ব্যক্তিগত ও অর্থনৈতিক সম্পর্ক (অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের কেন্দ্র) ঘনিষ্ঠতর তিনি কেবল চুক্তি-সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন;

- (খ) চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে তাহার অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের উৎস রহিয়াছে উহা নির্ণয় করা সম্ভব না হইলে, অথবা চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রেই তাহার নিজের কোনো স্থায়ী বাড়ি না থাকিলে, তিনি কেবল চুক্তি-সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন যে রাষ্ট্রে তিনি সচরাচর বসবাস করিয়া থাকেন;
- (গ) চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তিনি সচরাচর বসবাস করিলে, অথবা উহাদের কোনোটিতেই বসবাস না করিলে, তিনি চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রের নাগরিক কেবল সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন;
- (ঘ) উপ-দফা (ক), (খ) ও (গ) অনুসারে কোনো ব্যক্তির মর্যাদা নির্ধারণ করা সম্ভব না হইলে, চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ পারস্পরিক সমঝোতার মাধ্যমে বিষয়টি মীমাংসা করিবে।
- ৩। দফা ১ এর বিধানাবলির কারণে স্বতন্ত্র ব্যক্তি ব্যতীত, কোনো ব্যক্তি চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হইলে, চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ উক্ত ব্যক্তির কার্যকর ব্যবস্থাপনার ক্ষেত্র, উহা নিবন্ধিত অথবা অন্য কোনোভাবে গঠিত হইবার স্থান এবং অন্য কোনো প্রাসঙ্গিক উপাদান বিবেচনায় নিয়া পারস্পরিক সমঝোতার মাধ্যমে উক্ত ব্যক্তি চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের নিবাসী হইবেন উহা নির্ধারণ করিবার প্রচেষ্টা চালাইবে। অনুরূপ মীমাংসার অবর্তমানে উক্ত ব্যক্তি এই চুক্তির বিধান অনুযায়ী, চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ যতটুকু এবং যে উপায়ে সম্মত হইবে উহা ব্যতীত, অন্য কোনো ছাড় অথবা অব্যাহতি পাইবেন না।

অনুচ্ছেদ ৫

স্থায়ী প্রতিষ্ঠান

- ১। এই চুক্তির উদ্দেশ্যে “স্থায়ী প্রতিষ্ঠান” অর্থ ব্যবসার নির্দিষ্ট কোনো স্থান যে স্থানে উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের ব্যবসা সামগ্রিক বা আংশিকভাবে পরিচালিত হয়।
- ২। “স্থায়ী প্রতিষ্ঠান” অর্থে বিশেষভাবে নিম্নরূপ বিষয়সমূহ অন্তর্ভুক্ত হইবে—
- (ক) ব্যবস্থাপনার স্থান;
- (খ) শাখা;
- (গ) অফিস;
- (ঘ) কারখানা;

- (ঙ) কর্মশিবির;
- (চ) বিক্রয়কেন্দ্র;
- (ছ) গুদাম, যাহাতে কোনো ব্যক্তি অন্যদেরকে গুদামজাতকরণ সুবিধা প্রদান করেন;
- (জ) খনি, তৈল অথবা গ্যাসকূপ, প্রস্তর আহরণ খাদ, অথবা প্রাকৃতিক সম্পদ আহরণ-স্থল।
- ৩। অট্টালিকা নির্মাণ-স্থান, নির্মাণ, সংযোজন বা স্থাপন-প্রকল্প অথবা উহার সহিত সংশ্লিষ্ট তদারকি কার্যক্রম স্থায়ী প্রতিষ্ঠানের অন্তর্ভুক্ত হইবে যদি উহা কেবল নয় মাসের অধিককাল অব্যাহত থাকে;
- ৪। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, নিম্নরূপ বিষয়সমূহ “স্থায়ী প্রতিষ্ঠান” হিসাবে গণ্য হইবে না—
- (ক) কেবল ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মালিকানাধীন দ্রব্য বা পণ্যসামগ্রী মজুতকরণ বা প্রদর্শনের উদ্দেশ্যে সুবিধাদির ব্যবহার;
- (খ) কেবল মজুতকরণ বা প্রদর্শনের উদ্দেশ্যে ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মালিকানাধীন মজুত দ্রব্য বা পণ্যসামগ্রী সংরক্ষণ;
- (গ) ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মালিকানাধীন মজুত দ্রব্য বা পণ্যসামগ্রী কেবল অন্য কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক প্রক্রিয়াজাতকরণের জন্য সংরক্ষণ;
- (ঘ) ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের জন্য কেবল দ্রব্য বা পণ্যসামগ্রী ক্রয় করিবার উদ্দেশ্যে কিংবা তথ্য সংগ্রহের নিমিত্ত ব্যবসার নির্দিষ্ট স্থান সংরক্ষণ;
- (ঙ) ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের জন্য কেবল প্রস্তুতিমূলক বা সহায়ক ধরনের অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য ব্যবসার নির্দিষ্ট স্থান সংরক্ষণ;
- (চ) উপ-দফা (ক) হইতে (ঙ) এ বর্ণিত কার্যক্রমসমূহের যেকোনো সমন্বয়ের জন্য ব্যবসার নির্দিষ্ট স্থান সংরক্ষণ, তবে শর্ত থাকে যে, সমন্বয়ের ফলে ব্যবসার নির্দিষ্ট স্থানের সার্বিক কার্যক্রম যেন প্রস্তুতিমূলক অথবা সহায়ক ধরনের হয়।
- ৫। দফা ১ এবং ২ এ যাহা কিছুই থাকুক না কেন, স্বতন্ত্র মর্যাদাসম্পন্ন কোনো এজেন্ট যাহার উপর দফা ৭ এর বিধান প্রযোজ্য এইরূপ ব্যক্তি ব্যতীত, কোনো ব্যক্তি যখন চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের পক্ষে কার্য সম্পাদন করেন তখন উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান প্রথমোক্ত চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে গণ্য হইবে, যদি উক্ত ব্যক্তি—
- (ক) উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের পক্ষে প্রথমোক্ত রাষ্ট্রে চুক্তি সম্পাদন করিবার সাধারণ কর্তৃত্বপ্রাপ্ত হন এবং উক্ত কর্তৃত্ব সচরাচর প্রয়োগ করেন, যদি উক্ত ব্যক্তির কার্যক্রম দফা ৪ এ উল্লিখিত কার্যক্রমসমূহের মধ্যে সীমাবদ্ধ না থাকে, যাহা ব্যবসার নির্দিষ্ট স্থানের মাধ্যমে পরিচালিত হইলেও ব্যবসার উক্ত নির্দিষ্ট স্থান উক্ত দফার বিধানাবলি সাপেক্ষে স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হইবে না; অথবা

- (খ) অনুরূপ কোনো কর্তৃত্বপ্রাপ্ত না হন, তবে প্রথমোক্ত রাষ্ট্রে উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মালিকানাধীন মজুত দ্রব্য বা পণ্যসামগ্রী সচরাচর সংরক্ষণ করিয়া থাকেন যাহা হইতে তিনি উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের জন্য বা উহার পক্ষে দ্রব্য বা পণ্যসামগ্রী নিয়মিত বিতরণ করিয়া থাকেন।
- ৬। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো বিমা-প্রতিষ্ঠান যদি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে কোনো ব্যক্তির মাধ্যমে, অনুচ্ছেদ ৭ এর আওতাভুক্ত স্বতন্ত্র মর্যাদাসম্পন্ন কোনো এজেন্ট এর ব্যবসায়িক কার্যক্রম ব্যতিরেকে, পুনঃবিমাকরণের ক্ষেত্র ব্যতীত, কোনো বিমা-কিস্তি সংগ্রহ করিয়া থাকে অথবা ঝুঁকি-বিমা সম্পাদন করিয়া থাকে, তাহা হইলে উক্ত প্রতিষ্ঠানের অপর রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান রহিয়াছে বলিয়া গণ্য হইবে।
- ৭। কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান যদি কোনো চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রে কোনো দালাল, সাধারণ কমিশন এজেন্ট অথবা স্বতন্ত্র মর্যাদাসম্পন্ন কোনো এজেন্টের মাধ্যমে ব্যবসা পরিচালনা করে এবং যদি উক্ত ব্যক্তিগণ তাহাদের ব্যবসার স্বাভাবিক কার্যক্রম পরিচালনারত থাকেন, তাহা হইলে কেবল এই কারণে উক্ত রাষ্ট্রে উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের কোনো স্থায়ী প্রতিষ্ঠান রহিয়াছে মর্মে গণ্য হইবে না। তবে, এইরূপ কোনো এজেন্টের কার্যক্রম সম্পূর্ণরূপে বা প্রায় সম্পূর্ণরূপে যদি উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের পক্ষে নিয়োজিত থাকে এবং ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান ও এজেন্টের মধ্যে বাণিজ্যিক এবং আর্থিক সম্পর্কের ক্ষেত্রে প্রণীত বা আরোপিত শর্তসমূহ স্বতন্ত্র মর্যাদাসম্পন্ন ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানসমূহের শর্তের ভিন্নরূপ হয়, তাহা হইলে এই অনুচ্ছেদের অধীন উক্ত এজেন্ট স্বতন্ত্র মর্যাদাসম্পন্ন এজেন্ট হিসাবে গণ্য হইবে না।
- ৮। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোনো কোম্পানি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোনো কোম্পানিকে নিয়ন্ত্রণ করিলে অথবা তৎকর্তৃক নিয়ন্ত্রিত হইলেই, অথবা চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান অথবা অন্য কোনোভাবে ব্যবসা পরিচালনা করিলেই উহা অপর কোনো কোম্পানির স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে গণ্য হইবে না।

অনুচ্ছেদ ৬

স্বাবর সম্পত্তি হইতে আয়

- ১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত স্বাবর সম্পত্তি (কৃষি বা বনায়ন হইতে অর্জিত আয়সহ) হইতে উদ্ভূত আয় চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

- ২। চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রে স্থাবর সম্পত্তি অবস্থিত সেই রাষ্ট্রের আইন অনুসারে “স্থাবর সম্পত্তি” যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ বহন করিবে। যেকোনো ক্ষেত্রেই “স্থাবর সম্পত্তি” অর্থ স্থাবর সম্পত্তির আনুষঙ্গিক সকল সম্পত্তি, গবাদি পশু, কৃষি ও বনায়নে ব্যবহৃত সরঞ্জামাদি, ভূ-সম্পত্তি সংক্রান্ত অধিকারের ক্ষেত্রে সাধারণ আইনের বিধানাবলি প্রযোজ্য হয় এইরূপ অধিকার, অন্যের স্থাবর সম্পত্তি ভোগের অধিকার এবং কার্যের বিনিময়ে পরিবর্তনশীল বা নির্ধারিত পরিমাণ প্রাপ্তির অধিকার এবং খনিজের মজুত, উৎস ও অন্যান্য প্রাকৃতিক সম্পদ অন্তর্ভুক্ত হইবে; তবে জাহাজ, নৌকা ও উড়োজাহাজ স্থাবর সম্পত্তিরূপে গণ্য হইবে না।
- ৩। দফা ১ এর বিধানাবলি স্থাবর সম্পত্তির সরাসরি ব্যবহার, ভাড়া বা অন্য যেকোনো উপায়ে ব্যবহার বাবদ প্রাপ্ত আয়ের উপর প্রযোজ্য হইবে।
- ৪। দফা ১ ও ৩ এর বিধানাবলি কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের স্থাবর সম্পত্তি হইতে আয়ের ক্ষেত্রে এবং স্বতন্ত্রভাবে ব্যক্তিগত কার্যে ব্যবহৃত স্থাবর সম্পত্তি হইতে আয়ের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ৭

ব্যবসায় মুনাসাফা

- ১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মুনাসাফা কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা না করে। যদি উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান অপর রাষ্ট্রে উপরি-উক্তভাবে ব্যবসা পরিচালনা করে, তাহা হইলে দফা ২ এর বিধান অনুযায়ী উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপযোগ্য মুনাসাফার উপর অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।
- ২। এই অনুচ্ছেদ এবং অনুচ্ছেদ ২৪ এর উদ্দেশ্য পূরণকল্পে, যেক্ষেত্রে চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে, দফা ১ এ উল্লিখিত স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপিত হয়, সেইক্ষেত্রে উহা যদি কোনো স্বতন্ত্র ও পৃথক ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান হিসাবে নিয়োজিত থাকিয়া একই বা অনুরূপ শর্তানুসারে একই বা অনুরূপ কার্যাবলি পরিচালনা করিত এবং উহা যে ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের স্থায়ী প্রতিষ্ঠান, উহার সহিত সম্পূর্ণ স্বতন্ত্রভাবে ব্যবসা করিত, তাহা হইলে যে পরিমাণ মুনাসাফা অর্জিত হইত বলিয়া প্রত্যাশা করা যাইত, উক্ত স্থায়ী প্রতিষ্ঠান এবং উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের অপরাপর অংশসমূহ কর্তৃক সম্পাদিত কার্যাবলি, ব্যবহৃত সম্পদ এবং গৃহীত ঝুঁকি বিবেচনায় নিয়া সেই পরিমাণ মুনাসাফা উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপিত হইবে।

- ৩। দফা ২ অনুসারে যদি চুক্তি-সম্পাদনকারী একটি রাষ্ট্র কোনো একটি রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের কোনো স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপিত মুনাফা সমন্বয় করে এবং তদনুসারে অপর রাষ্ট্রে করারোপিত হইয়াছে এমন মুনাফার উপর করারোপ করে, তাহা হইলে সেই অপর রাষ্ট্র মুনাফার উপর দ্বৈত করারোপণ পরিহারের লক্ষ্যে, যে পরিমাণ প্রয়োজন সেই পরিমাণ, করের যথোপযুক্ত সমন্বয় করিবে। এইরূপ সমন্বয়ের পরিমাণ নির্ধারণের জন্য চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষ প্রয়োজনে পরস্পরের সহিত পরামর্শ করিবে।
- ৪। যেক্ষেত্রে মুনাফার মধ্যে এইরূপ আয় অন্তর্ভুক্ত থাকে যাহার সম্পর্কে এই চুক্তির অন্যান্য অনুচ্ছেদে পৃথকভাবে ব্যবস্থা গৃহীত হইয়াছে, সেইক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলি দ্বারা উক্ত অনুচ্ছেদসমূহের বিধানাবলি ক্ষুণ্ণ হইবে না।

অনুচ্ছেদ ৮

জাহাজ ও বিমান পরিবহণ

- ১। চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের আন্তর্জাতিক পরিবহণ-ব্যবস্থা হইতে বিমান পরিচালনা বাবদ প্রাপ্ত মুনাফা কেবল চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।
- ২। দফা ১ এর উদ্দেশ্য পূরণকল্পে, 'চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের আন্তর্জাতিক পরিবহণ-ব্যবস্থা হইতে বিমান পরিচালনা বাবদ প্রাপ্ত মুনাফা' অর্থে উক্ত পরিচালনার সহিত সরাসরি সম্পর্কিত কার্যক্রম এবং সরাসরি সম্পর্কিত নহে, তবে উক্ত পরিচালনার সহায়ক এমন কার্যক্রম হইতে উদ্ভূত মুনাফা অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে।
- ৩। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে আন্তর্জাতিক পরিবহণ পথে জাহাজ চলাচলের মাধ্যমে অর্জিত আয় উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে, তবে উক্ত অপর রাষ্ট্রে আরোপিত করের পঞ্চাশ শতাংশ পরিমাণ কর হ্রাস করা হইবে।
- ৪। দফা ১ ও ৩ এর বিধানাবলি কোনো পুল, যৌথ ব্যবসা অথবা আন্তর্জাতিকভাবে পরিচালিত এজেন্সিতে অংশগ্রহণের ফলে অর্জিত মুনাফার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ৯

সহযোগী প্রতিষ্ঠান

- ১। যেক্ষেত্রে—
- (ক) চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ বা মূলধনে অংশগ্রহণ করে; অথবা

(খ) একই ব্যক্তিবর্গ চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ অথবা মূলধনে, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, অংশগ্রহণ করে;

এবং উভয় ক্ষেত্রে যদি দুইটি ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মধ্যে বাণিজ্যিক ও আর্থিক সম্পর্কের কারণে উহাদের মধ্যে এইরূপ শর্ত আরোপিত থাকে যাহা উহারা স্বাধীন ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান হিসাবে কাজ করিলে একইরূপ হইত না, সেইক্ষেত্রে কোনো একটি ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের উক্ত শর্তসমূহের জন্য অর্জিত হয় নাই কিন্তু শর্তসমূহ না থাকিলে অর্জিত হইত এইরূপ মুনাফাকে উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মুনাফার অন্তর্ভুক্ত করা যাইবে এবং তদনুযায়ী করারোপ করা যাইবে।

২। যেক্ষেত্রে চুক্তি-সম্পাদনকারী কোনো এক রাষ্ট্র উহার কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে এইরূপ কোনো মুনাফা অন্তর্ভুক্ত করিয়া তদনুসারে করারোপ করিয়া যে মুনাফার জন্য অপর রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানকে উক্ত অপর রাষ্ট্রে করারোপ করা হইয়াছে এবং অনুরূপভাবে অন্তর্ভুক্ত মুনাফা যদি এইরূপ মুনাফা হয় যে, উক্ত মুনাফা প্রথমোক্ত রাষ্ট্রে ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মুনাফা হইত যদি ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান দুইটির মধ্যে সম্পাদিত শর্তসমূহ পরস্পর স্বতন্ত্র ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানসমূহের মধ্যে সম্পাদিত শর্তের ন্যায় হইত, সেইক্ষেত্রে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র উক্ত মুনাফার বিপরীতে যে পরিমাণ করারোপ করিয়াছে উহা যথাযথভাবে সমন্বয় করিবে। এইরূপ সমন্বয়ের পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে, এই চুক্তির অন্যান্য বিধানাবলি বিবেচনায় রাখিতে হইবে এবং চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ প্রয়োজনে পরস্পর আলোচনা করিবে।

অনুচ্ছেদ ১০

লভ্যাংশ

- ১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোনো কোম্পানি কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো নিবাসীকে প্রদত্ত লভ্যাংশের উপর চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।
- ২। তবে লভ্যাংশ প্রদানকারী কোম্পানি চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী সেই রাষ্ট্রের আইনানুযায়ী উক্ত লভ্যাংশের উপর সেই রাষ্ট্রেও করারোপ করা যাইবে, কিন্তু লভ্যাংশের সুবিধাভোগী মালিক যদি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হয়, তাহা হইলে আরোপিত উক্ত করের পরিমাণ নিম্নে উল্লিখিত পরিমাণের অধিক হইবে না—
 - (ক) মোট লভ্যাংশের ৫ শতাংশ, যদি সুবিধাভোগী মালিক এইরূপ কোনো কোম্পানি হয় যাহা লভ্যাংশ প্রদানকারী কোম্পানির মূলধনের কমপক্ষে ৩ (তিন) শতাংশ সরাসরি ধারণ করে; এবং
 - (খ) অন্য সকল ক্ষেত্রে মোট লভ্যাংশের ১০ (দশ) শতাংশ।

অর্জিত মুনাফা হইতে লভ্যাংশ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোম্পানির করারোপণকে এই দফা প্রভাবিত করিবে না।

- ৩। এই অনুচ্ছেদে বর্ণিত “লভ্যাংশ” অর্থ, ঋণ-দাবি ব্যতীত, মুনাফায় অংশগ্রহণ করে এইরূপ শেয়ার বা অন্যান্য অধিকার হইতে আয় এবং এইরূপ কর্পোরেট অধিকার হইতে আয় যাহা লভ্যাংশ প্রদানকারী কোম্পানি চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী সেই রাষ্ট্রের আইন অনুযায়ী শেয়ার হইতে আয়ের উপর যেইরূপ করারোপ করা হয় সেইরূপ করারোপযোগ্য।
- ৪। লভ্যাংশের সুবিধাভোগের অধিকারী যদি চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন, লভ্যাংশ প্রদানকারী কোম্পানি যাহার নিবাসী, অথবা অপর কোনো রাষ্ট্রে অবস্থিত নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে সেখানে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং যে হোল্ডিং এর নিমিত্ত উক্ত লভ্যাংশ প্রদান করা হয় উহা যদি কার্যকরভাবে সেখানে অবস্থিত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত সংশ্লিষ্ট হয়, তাহা হইলে দফা ১ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে, অনুচ্ছেদ ৭ অথবা ক্ষেত্রমত, অনুচ্ছেদ ১৫ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।
- ৫। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোনো কোম্পানি কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে কোনো মুনাফা বা আয় উদ্ভূত হইলে, চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র উক্ত কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশের উপর কোনো কর আরোপ করিতে পারিবে না, তবে উক্ত চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসীকে প্রদত্ত লভ্যাংশের ক্ষেত্রে অথবা যে হোল্ডিং এর নিমিত্ত লভ্যাংশ প্রদান করা হয়, সেই হোল্ডিং উক্ত চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত কার্যকরভাবে সম্পর্কিত থাকিবার ক্ষেত্রে ইহার ব্যতিক্রম হইবে। প্রদত্ত লভ্যাংশ বা অবশিষ্ট মুনাফা সম্পূর্ণ বা আংশিকভাবে উক্ত চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে উদ্ভূত হইলেও, কোম্পানির উক্ত অবশিষ্ট মুনাফার উপর উক্ত অপর রাষ্ট্রে কোনো কর আরোপ করা হইবে না।

অনুচ্ছেদ ১১

সুদ

- ১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে উদ্ভূত সুদ চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো নিবাসীকে প্রদান করা হইলে উহার উপর চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।
- ২। তবে এইরূপ সুদ চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রে উদ্ভূত হয় সেই রাষ্ট্রের আইন অনুসারে সেই রাষ্ট্রেও করারোপ করা যাইবে, কিন্তু গ্রহীতা যদি উক্ত সুদের সুবিধাভোগী মালিক হন, তাহা হইলে অনুরূপভাবে ধার্যকৃত করের পরিমাণ মোট সুদের শতকরা ৭.৫ ভাগের অধিক হইবে না।
- ৩। এই অনুচ্ছেদের দফা ১ এবং ২ এ যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র, উহার রাজনৈতিক উপ-বিভাগ অথবা স্থানীয় কর্তৃপক্ষ, কেন্দ্রীয় ব্যাংক অথবা উক্ত রাষ্ট্র, উহার রাজনৈতিক উপ-বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষের প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পূর্ণরূপে মালিকানাভুক্ত কোনো সভা, যাহার মধ্যে কাতারের ক্ষেত্রে কাতার ইনভেস্টমেন্ট অথরিটি ও কাতার হোল্ডিং এলএলসি এবং বাংলাদেশের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ অন্তর্ভুক্ত হইবে, কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অর্জিত সুদ উক্ত অপর রাষ্ট্রে করারোপযোগ্য হইবে না।

- ৪। এই অনুচ্ছেদে বর্ণিত “সুদ” অর্থ বন্ধকের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত হউক বা না হউক এবং ঋণ গ্রহীতার মুনাফায় অংশগ্রহণের অধিকার থাকুক বা না থাকুক, এইরূপ সকল প্রকার ঋণ-দাবি হইতে উদ্ধৃত আয়, এবং বিশেষত সরকারি সিকিউরিটি, বন্ড বা ডিবেঞ্চারের সহিত সংশ্লিষ্ট প্রিমিয়াম ও পুরস্কারসহ সিকিউরিটি, বন্ড বা ডিবেঞ্চার হইতে উদ্ধৃত আয় অন্তর্ভুক্ত হইবে। কোনো ব্যবস্থা, যেমন: ইসলামি ফাইন্যান্সিয়াল ইন্সট্রুমেন্ট, যাহাতে অন্তর্নিহিত চুক্তির সারবত্তা ঋণ হিসাবে শ্রেণিভুক্ত হইতে পারে, এমন ব্যবস্থা হইতে উদ্ধৃত আয়ও উহার অন্তর্ভুক্ত হইবে। এই অনুচ্ছেদের উদ্দেশ্যে, সুদ অর্থে পরিশোধ করিতে বিলম্ব হইবার কারণে আরোপিত জরিমানামূলক চার্জসমূহ অন্তর্ভুক্ত হইবে না।
- ৫। এই অনুচ্ছেদের দফা ১ ও ২ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না, যদি সুদের সুবিধাভোগী মালিক চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া, চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র যেখানে সুদ উদ্ধৃত হইয়াছে, সেখানে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন, অথবা সেখানে অবস্থিত কোনো নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং যে ঋণ-দাবির কারণে সুদ প্রদত্ত হইয়াছে উহা যদি কার্যকরভাবে এইরূপ স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত সংশ্লিষ্ট হয়। এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ অথবা, ক্ষেত্রমত, ১৫ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।
- ৬। চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে সুদ তখনই উদ্ধৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন পরিশোধকারী উক্ত চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রের একজন নিবাসী হন। তবে যেক্ষেত্রে, যে ব্যক্তি সুদ পরিশোধ করিতেছেন তিনি চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হন বা না হন, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে তাহার কোনো স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকিলে এবং যে ঋণ-দায়ের বিপরীতে উক্ত সুদ পরিশোধ করা হইয়াছে উহা উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত সম্পর্কিত থাকিলে এবং উক্ত সুদ উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র বহন করিলে, সেইক্ষেত্রে চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রে উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র অবস্থিত সেই রাষ্ট্রে উক্ত সুদ উদ্ধৃত হইয়াছে মর্মে গণ্য হইবে।
- ৭। যেক্ষেত্রে, সুদ পরিশোধকারী ও সুদের সুবিধাভোগী মালিকের মধ্যে অথবা তাহাদের উভয়ের এবং অপর কোনো ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্ক হেতু প্রদত্ত সুদের পরিমাণ, যে ঋণ-দাবি বাবদ সুদ প্রদান করা হয় উহা বিবেচনায় এইরূপ সম্পর্কের অবর্তমানে উক্ত সুদ পরিশোধকারী ও সুদের সুবিধাভোগী মালিক যে পরিমাণ সুদ প্রদানে সম্মত হইতেন তদপেক্ষা অধিক হয়, সেইক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলি কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে, উক্ত পরিশোধের অতিরিক্ত অংশ চুক্তি-সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের আইনানুযায়ী, এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি যথাযথ লক্ষ্য রাখিয়া, করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১২

রয়্যালটি

- ১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে উদ্ধৃত এবং চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো নিবাসীকে প্রদত্ত রয়্যালটি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

- ২। তবে চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রে উক্ত রয়্যালটি উদ্ভূত হয় সেই রাষ্ট্রের আইন অনুযায়ী সেই রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে, কিন্তু রয়্যালটির সুবিধাভোগী মালিক যদি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হন, তাহা হইলে এইরূপে ধার্যকৃত কর রয়্যালটির মোট পরিমাণের শতকরা ৭.৫ ভাগের অধিক হইবে না।
- ৩। এই অনুচ্ছেদে বর্ণিত “রয়্যালটি” অর্থ কোনো সাহিত্য, শিল্প বা বৈজ্ঞানিক কপিরাইটস্বত্ব (সিনেম্যাটোগ্রাফ ফিল্ম এবং বেতার বা টেলিভিশন প্রচারকার্যে ব্যবহৃত ফিল্ম, টেপ বা ডিস্কসহ), কোনো পেটেন্ট, ট্রেডমার্ক, নকশা বা মডেল, পরিকল্পনা, গুপ্ত ফর্মুলা বা প্রক্রিয়া অথবা শিল্প, বাণিজ্য বা বিজ্ঞান বিষয়ক যন্ত্রপাতি বা শিল্প, বাণিজ্য বা বিজ্ঞান বিষয়ক অভিজ্ঞতা সংক্রান্ত তথ্যাদির ব্যবহার বা ব্যবহারের অধিকারের বিনিময় হিসাবে প্রাপ্ত যেকোনো প্রকার অর্থাৎ।
- ৪। রয়্যালটির সুবিধাভোগী মালিক চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া, চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র যেখানে রয়্যালটি উদ্ভূত হইয়াছে, সেই রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করিলে অথবা অপর রাষ্ট্রে অবস্থিত কোনো নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে সেখানে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করিলে এবং যে অধিকার বা সম্পত্তি বাবদ উক্ত রয়্যালটি প্রদান করা হয় উহা উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত কার্যকরভাবে সংশ্লিষ্ট হইলে দফা ১ ও ২ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে, অনুচ্ছেদ ৭ অথবা ক্ষেত্রমত, ১৫ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।
- ৫। চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে রয়্যালটি তখনই উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন রয়্যালটি প্রদানকারী উক্ত চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রের একজন নিবাসী হন। তবে রয়্যালটি প্রদানকারী ব্যক্তি চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের নিবাসী হন বা না হন, চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে যদি তাহার কোনো স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকে যাহার কারণে রয়্যালটি প্রদানের বাধ্যবাধকতা উদ্ভূত হইয়াছে এবং উক্ত রয়্যালটি উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র বহন করিয়া থাকে, তাহা হইলে চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রে উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র অবস্থিত সেই রাষ্ট্রে উক্ত রয়্যালটি উদ্ভূত হইয়াছে মর্মে গণ্য হইবে।
- ৬। যেক্ষেত্রে রয়্যালটি প্রদানকারী ও রয়্যালটির সুবিধাভোগী মালিকের মধ্যে অথবা তাহাদের উভয়ের এবং অপর কোনো ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্ক হেতু রয়্যালটির পরিমাণ, যে ব্যবহার, অধিকার অথবা তথ্য বাবদ রয়্যালটি প্রদত্ত হয় উহা বিবেচনায়, এইরূপ সম্পর্কের অবর্তমানে উক্ত রয়্যালটি প্রদানকারী ও সুবিধাভোগী মালিক যে পরিমাণ রয়্যালটি প্রদানে সম্মত হইতেন তদপেক্ষা অধিক হয়, সেইক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলি কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে, উক্ত পরিশোধের অতিরিক্ত অংশ চুক্তি-সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের স্ব স্ব আইনানুযায়ী, এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি যথাযথ লক্ষ্য রাখিয়া, করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৩

কারিগরি সেবার ফি

- ১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে উদ্ভূত এবং চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো নিবাসীকে প্রদত্ত কারিগরি সেবার ফি এর উপর চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।
- ২। তবে, অনুচ্ছেদ ১৫ এর বিধানাবলি সত্ত্বেও এবং অনুচ্ছেদ ৮, ১৭ ও ১৮ এর বিধানাবলি সাপেক্ষে, কারিগরি সেবার ফি যে রাষ্ট্রে উদ্ভূত হয় সেই রাষ্ট্রে এবং সেই রাষ্ট্রের আইন অনুযায়ী করারোপযোগ্য হইবে; কিন্তু ফি এর সুবিধাভোগী মালিক যদি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হন, তাহা হইলে এইরূপে ধার্যকৃত কর মোট ফি এর শতকরা ৭.৫ ভাগের অধিক হইবে না।
- ৩। এই অনুচ্ছেদে ব্যবহৃত “কারিগরি সেবার ফি” অর্থ ব্যবস্থাপনাগত, কারিগরি অথবা পরামর্শমূলক সেবার বিনিময়ে প্রাপ্ত যেকোনো অর্থাৎ, তবে নিম্নোক্তরূপে প্রদত্ত অর্থাৎ উহার অন্তর্ভুক্ত হইবে না—
 - (ক) কোনো ব্যক্তি কর্তৃক তাহার কোনো কর্মচারীকে প্রদত্ত অর্থ;
 - (খ) কোনো শিক্ষা প্রতিষ্ঠানে বা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষা প্রদানের বিনিময়ে প্রদত্ত অর্থ; বা
 - (গ) কোনো ব্যক্তির ব্যক্তিগত ব্যবহারের জন্য সেবার বিনিময়ে কোনো ব্যক্তি কর্তৃক প্রদত্ত অর্থ।
- ৪। এই অনুচ্ছেদের দফা ১ ও ২ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না, যদি কারিগরি সেবার ফি এর সুবিধাভোগী মালিক চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া, চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র যেখানে কারিগরি সেবার ফি উদ্ভূত হইয়াছে, সেখানে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন, অথবা সেখানে অবস্থিত কোনো নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং উক্ত কারিগরি সেবার ফি উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত কার্যকরভাবে সংশ্লিষ্ট হয়। এইরূপ ক্ষেত্রে, অনুচ্ছেদ ৭ অথবা, ক্ষেত্রে, ১৫ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।
- ৫। এই অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, দফা ৬ সাপেক্ষে, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে কারিগরি সেবার ফি তখনই উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন কারিগরি সেবার ফি প্রদানকারী উক্ত চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রের একজন নিবাসী হন অথবা যদি ফি প্রদানকারী ব্যক্তির, তিনি চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হন বা না হন, চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে কোনো স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকে এবং উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত সংশ্লিষ্টতার কারণে কারিগরি সেবার ফি প্রদানের বাধ্যবাধকতা সৃষ্টি হয় এবং উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র উক্ত কারিগরি সেবার ফি বহন করে।

- ৬। এই অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে কারিগরি সেবার ফি উদ্ধৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে না, যদি কারিগরি সেবার ফি প্রদানকারী উক্ত রাষ্ট্রের নিবাসী হন এবং চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন অথবা উক্ত অপর রাষ্ট্রে অবস্থিত কোনো নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র উক্ত কারিগরি সেবার ফি বহন করে।
- ৭। যেক্ষেত্রে কারিগরি সেবার ফি-প্রদানকারী এবং উহার সুবিধাভোগী মালিকের মধ্যে অথবা তাহাদের উভয়ের এবং অপর কোনো ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্ক হেতু প্রদত্ত কারিগরি সেবার ফি এর পরিমাণ, যে সেবার বিপরীতে উক্ত ফি প্রদান করা হয় উহা বিবেচনায় এইরূপ সম্পর্কের অবর্তমানে উক্ত কারিগরি সেবার ফি প্রদানকারী ও সুবিধাভোগী মালিক যে পরিমাণ কারিগরি সেবার ফি প্রদানে সম্মত হইতেন তদপেক্ষা অধিক হয়, সেইক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলি কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে উক্ত ফি এর অতিরিক্ত অংশ চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের স্ব স্ব আইনানুযায়ী, এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি যথাযথ লক্ষ্য রাখিয়া, করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৪

মূলধনী লাভ

- ১। চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিত স্থাবর সম্পত্তি হস্তান্তরের ফলে উদ্ধৃত মুনাফার উপর চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।
- ২। চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের নিবাসী কর্তৃক এইরূপ শেয়ার হস্তান্তরের ফলে উদ্ধৃত মুনাফার উপর, যে শেয়ারের মূল্যের ৫০ শতাংশের অধিক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থাবর সম্পত্তি হইতে উদ্ধৃত, চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।
- ৩। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মালিকানাধীন চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের ব্যবসা সংশ্লিষ্ট সম্পত্তির অংশ-বিশেষ বলিয়া গণ্য এইরূপ কোনো অস্থাবর সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অথবা স্বতন্ত্র ব্যক্তিগত সেবা সম্পাদনের উদ্দেশ্যে চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসীর মালিকানাধীন চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো নির্দিষ্ট কেন্দ্রের সহিত সংশ্লিষ্ট কোনো অস্থাবর সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে উদ্ধৃত মুনাফা এবং এইরূপ স্থায়ী প্রতিষ্ঠান (এককভাবে বা সমগ্র উদ্যোগের সহিত একত্রে) অথবা উক্ত নির্দিষ্ট কেন্দ্র হস্তান্তরের মাধ্যমে উদ্ধৃত মুনাফার উপর উক্ত অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।

- ৪। আন্তর্জাতিক পরিবহণে পরিচালিত জাহাজ বা বিমান বা এইরূপ জাহাজ বা বিমান পরিবহণের সহিত সংশ্লিষ্ট অস্বাভাবিক সম্পত্তি হস্তান্তর হইতে উদ্ধৃত মুনাফার উপর, ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের কার্যকর ব্যবস্থাপনার ক্ষেত্রে চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রে অবস্থিত সেই রাষ্ট্রে করারোপ করা যাইবে।
- ৫। দফা ১, ২, ৩ ও ৪ এ বর্ণিত সম্পত্তি ব্যতীত, অন্য কোনো সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে উদ্ধৃত মূলধনী মুনাফার উপর, সম্পত্তি হস্তান্তরকারী চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী কেবল সেই রাষ্ট্রেই করারোপ করা যাইবে।

অনুচ্ছেদ ১৫

স্বতন্ত্র ব্যক্তিগত কার্যাদি

- ১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক কোনো পেশাগত কার্য বা স্বতন্ত্র প্রকৃতির অন্যবিধ কার্য বাবদ উদ্ধৃত আয় কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, তবে নিম্নরূপ ক্ষেত্রে অনুরূপ আয় চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে—
- (ক) যদি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে উক্ত ব্যক্তির কার্যসম্পাদনের উদ্দেশ্যে তাহার নিয়মিত ব্যবহার্য কোনো নির্দিষ্ট কেন্দ্র থাকে, তাহা হইলে আয়ের যে অংশ উক্ত কেন্দ্রের সহিত সম্পর্কযুক্ত কেবল সেই পরিমাণ আয় চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে; অথবা
- (খ) যদি তিনি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে সংশ্লিষ্ট অর্থবৎসর শুরু বা সমাপ্ত হয় এইরূপ বারো মাস সময় ব্যাপ্তিতে এককালীন বা সমষ্টিগতভাবে ১৮৩ দিন বা ততোধিক সময় অবস্থান করেন; সেইক্ষেত্রে আয়ের যে অংশ চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে পরিচালিত কার্যক্রম হইতে উদ্ধৃত কেবল সেই পরিমাণ আয় চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।
- ২। “পেশাগত কার্যাদি” অর্থ বিশেষত বিজ্ঞান, সাহিত্য, শিল্প, শিক্ষা অথবা শিক্ষাদান বিষয়ক স্বতন্ত্র কার্যাদি এবং চিকিৎসক, আইনজীবী, প্রকৌশলী, স্থপতি, দন্তচিকিৎসক ও হিসাবরক্ষকের স্বতন্ত্র কার্যাদি।

অনুচ্ছেদ ১৬

নির্ভরশীল ব্যক্তিগত কার্যাদি

- ১। এই চুক্তির অনুচ্ছেদ ১৭, ১৯ এবং ২০ এর বিধানাবলি সাপেক্ষে, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চাকরি বাবদ প্রাপ্ত বেতন, মজুরি ও অনুরূপ অন্যান্য পারিশ্রমিক চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি উক্ত কার্য চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত না হইয়া থাকে। যদি উক্ত কার্য চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত হয়, তাহা হইলে উহা হইতে উদ্ধৃত পারিশ্রমিকের উপর উক্ত অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।

- ২। দফা ১ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত কোনো চাকরি বাবদ প্রাপ্ত পারিশ্রমিক কেবল প্রথমোক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি—
- (ক) প্রাপক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে সংশ্লিষ্ট অর্থবৎসর শুরু বা সমাপ্ত হয় এইরূপ বারো মাস সময় ব্যাপ্তিতে এককালীন বা সমষ্টিগতভাবে অনধিক ১৮৩ দিন অবস্থান করেন; এবং
- (খ) উক্ত অপর রাষ্ট্রের নিবাসী নহেন এইরূপ কোনো নিয়োগকর্তা কর্তৃক অথবা তাহার পক্ষে উক্ত পারিশ্রমিক প্রদান করা হয়; এবং
- (গ) নিয়োগকর্তার মালিকানাধীন চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র কর্তৃক পারিশ্রমিক বহন করা না হয়।
- ৩। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, আন্তর্জাতিক পরিবহন ব্যবস্থায় পরিচালিত কোনো জাহাজ বা বিমানে চাকরি হইতে উদ্ভূত পারিশ্রমিক চুক্তি-সম্পাদনকারী সেই রাষ্ট্রেই করযোগ্য হইতে পারে যে রাষ্ট্রে উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের কার্যকর ব্যবস্থাপনার ক্ষেত্র অবস্থিত; এবং চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের বিমান অথবা জাহাজ পরিচালনাকারী ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানে নিযুক্ত এবং চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে কার্যরত উচ্চ পর্যায়ের ব্যবস্থাপনাগত পদে চাকরিরত কোনো কর্মচারী কর্তৃক প্রাপ্ত বেতন, মজুরি, ভাতা ও অন্যান্য পারিশ্রমিক কেবল চুক্তি-সম্পাদনকারী সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে যেখানে উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের কার্যকর ব্যবস্থাপনার ক্ষেত্র অবস্থিত।

অনুচ্ছেদ ১৭

পরিচালকগণের ফি

চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো নিবাসী কর্তৃক তাহার যোগ্যতায় চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোনো কোম্পানির পরিচালকমণ্ডলীর সদস্য পদে আসীন হইতে উদ্ভূত পরিচালকের ফি বা অনুরূপ কোনো প্রাপ্তি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৮

শিল্পী ও ক্রীড়াবিদ

- ১। অনুচ্ছেদ ১৫ ও ১৬ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক থিয়েটার, চলচ্চিত্র, সার্কাস, বেতার বা টেলিভিশন শিল্পী বা সংগীতজ্ঞের ন্যায় চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ হিসাবে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত ব্যক্তিগত কার্যাদি সম্পাদনের মাধ্যমে অর্জিত আয় চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপযোগ্য হইবে।

- ২। যেক্ষেত্রে কোনো চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ কর্তৃক ব্যক্তিগত কার্যাদি সম্পাদনের বিনিময় হিসাবে লব্ধ আয় তাহার নিজের নিকট উপচিত না হইয়া অন্য কোনো ব্যক্তির নিকট উপচিত হয়, সেইক্ষেত্রে অনুচ্ছেদ ৭, ১৫ ও ১৬ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রে চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদের অনুরূপ কার্যাদি সম্পাদিত হয় উক্ত আয় সেই রাষ্ট্রে করারোপযোগ্য হইবে।
- ৩। এই অনুচ্ছেদের দফা ১ ও ২ এ বর্ণিত কার্যাদি সম্পাদনের মাধ্যমে চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অর্জিত আয় চুক্তি-সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রে কর অব্যাহতি প্রাপ্ত হইবে যদি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে বর্ণিত ভ্রমণ সম্পূর্ণভাবে বা প্রধানত চুক্তি-সম্পাদনকারী যেকোনো রাষ্ট্র, উহার কোনো রাজনৈতিক উপ-বিভাগ, অথবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের অর্থায়নে সংঘটিত হয়, অথবা চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের মধ্যকার কোনো সাংস্কৃতিক চুক্তি বা আয়োজনের অধীনে অনুষ্ঠিত হয়।

অনুচ্ছেদ ১৯

পেনশন

অনুচ্ছেদ ২০ এর দফা ২ এর বিধানাবলি সাপেক্ষে, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসীকে অতীত চাকরির বিবেচনায় প্রদত্ত পেনশন ও অনুরূপ অন্যান্য পারিশ্রমিক কেবল চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ২০

সরকারি চাকরি

- ১। (ক) চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র বা উক্ত রাষ্ট্রের কোনো রাজনৈতিক উপ-বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষ উক্ত রাষ্ট্র বা উপ-বিভাগ বা কর্তৃপক্ষকে সেবা প্রদানের বিনিময়ে কোনো ব্যক্তিকে, পেনশন ব্যতীত, বেতন, মজুরি এবং অনুরূপ অন্যান্য পারিশ্রমিক প্রদান করিলে উহা কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।
- (খ) তবে এইরূপ বেতন, মজুরি এবং অনুরূপ অন্যান্য পারিশ্রমিক কেবল চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে যদি চাকরি উক্ত অপর রাষ্ট্রে সম্পাদিত হয় এবং ব্যক্তি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হন যিনি—
- (অ) উক্ত রাষ্ট্রের নাগরিক; অথবা
- (আ) কেবল চাকরি করিবার উদ্দেশ্যেই উক্ত রাষ্ট্রের নিবাসী হন নাই।
- ২। (ক) চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র অথবা উহার কোনো রাজনৈতিক উপ-বিভাগ বা উহার স্থানীয় কর্তৃপক্ষে চাকরির কারণে উক্ত রাষ্ট্র বা উপ-বিভাগ, বা কর্তৃপক্ষ কর্তৃক অথবা উহার দ্বারা সৃষ্ট কোনো তহবিল হইতে প্রদত্ত পেনশন কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে;

- (খ) তবে এইরূপ পেনশন কেবল চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি উক্ত ব্যক্তি উক্ত অপর রাষ্ট্রের নিবাসী এবং নাগরিক হন।
- ৩। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্র বা উহার কোনো রাজনৈতিক উপ-বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো ব্যবসায়ের সহিত সংশ্লিষ্ট কোনো সেবা প্রদানের জন্য প্রদত্ত বেতন, মজুরি এবং অনুরূপ পারিশ্রমিক এবং পেনশনের ক্ষেত্রে এই চুক্তির অনুচ্ছেদ ১৬, ১৭, ১৮ এবং ১৯ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ২১

শিক্ষক এবং গবেষক

- ১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে ভ্রমণের অব্যবহিত পূর্বে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী ছিলেন বা বর্তমানে আছেন এইরূপ ব্যক্তি প্রথমে উল্লিখিত চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রের সরকার, বিশ্ববিদ্যালয়, কলেজ, বিদ্যালয়, যাদুঘর অথবা অন্য কোনো সাংস্কৃতিক প্রতিষ্ঠান কর্তৃক অথবা কোনো আনুষ্ঠানিক সাংস্কৃতিক বিনিময় কর্মসূচির আওতায় আমন্ত্রিত হইয়া চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রে একাদিক্রমে অনধিক তিন বৎসর কেবল শিক্ষকতা, ভাষণ প্রদান, অথবা কোনো প্রতিষ্ঠানে গবেষণা কার্যে লিপ্ত থাকেন, তবে তাহার অনুরূপ কার্যাবলির জন্য প্রদত্ত সম্মানি উক্ত রাষ্ট্রে করমুক্ত থাকিবে।
- ২। জনস্বার্থে নহে, কিন্তু প্রাথমিকভাবে কোনো নির্দিষ্ট ব্যক্তি বা ব্যক্তিগণের ব্যক্তিগত সুবিধার জন্য পরিচালিত কোনো গবেষণা কার্যক্রম হইতে উদ্ধৃত আয়ের ক্ষেত্রে দফা ১ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না।

অনুচ্ছেদ ২২

ছাত্র ও শিক্ষানবিশ

- ১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে ভ্রমণের অব্যবহিতপূর্বে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী ছিলেন বা বর্তমানে আছেন এইরূপ কোনো ছাত্র বা ব্যবসায়িক শিক্ষানবিশ যিনি চুক্তি-সম্পাদনকারী প্রথমোক্ত রাষ্ট্রে কেবল তাহার শিক্ষা বা প্রশিক্ষণের জন্য উপস্থিত রহিয়াছেন, তিনি তাহার ভরণপোষণ, শিক্ষা বা প্রশিক্ষণের জন্য কোনো অর্থ প্রাপ্ত হইলে সেই অর্থের উপর উক্ত রাষ্ট্রে কর আরোপ করা যাইবে না, তবে শর্ত থাকে যে, এইরূপ প্রাপ্ত অর্থ চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের বহির্ভূত কোনো উৎস হইতে উদ্ধৃত হইতে হইবে।
- ২। দফা ১ এ বর্ণিত ছাত্র বা ব্যবসায়িক শিক্ষানবিশ কর্তৃক দফা ১ এর আওতায় নহে এইরূপ কোনো নিয়োগ হইতে প্রাপ্ত মঞ্জুরি, বৃত্তি এবং পারিশ্রমিকের ক্ষেত্রে এইরূপ শিক্ষা বা প্রশিক্ষণকালে তিনি যে রাষ্ট্র সফর করিতেছেন, সেই রাষ্ট্রের নিবাসীদের জন্য করারোপণের ক্ষেত্রে প্রযোজ্য অব্যাহতি, রেয়াত অথবা হাসকৃত পরিমাণের সুবিধাদি প্রাপ্ত হইবেন।

অনুচ্ছেদ ২৩**অন্যান্য আয়**

- ১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো নিবাসীর এইরূপ কোনো আয় যাহা এই চুক্তির পূর্ববর্তী অনুচ্ছেদসমূহে উল্লেখ করা হয় নাই, উহা যেখানেই উদ্ভূত হউক না কেন, কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।
- ২। দফা ১ এর বিধানসমূহ এইরূপ আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, অনুচ্ছেদ ৬ এর দফা ২ এ সংজ্ঞায়িত স্থাবর সম্পত্তি হইতে আয় ব্যতীত, যদি সেই আয়ের প্রাপক চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন অথবা চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং যে অধিকার বা সম্পদের জন্য আয় প্রদত্ত হয় উহা উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত কার্যকরভাবে সম্পর্কযুক্ত হয়। এইরূপ ক্ষেত্রে, অনুচ্ছেদ ৭ অথবা ক্ষেত্রমত, অনুচ্ছেদ ১৫ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ২৪**দ্বৈত করারোপণ পরিহার**

- ১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো নিবাসী যখন এইরূপ উপার্জন করেন যাহা এই চুক্তির বিধানাবলি অনুযায়ী চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপযোগ্য, সেইক্ষেত্রে প্রথমোক্ত রাষ্ট্র উক্ত নিবাসীকে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে পরিশোধিত করের সমপরিমাণ অঙ্ক তাহার আয়ের উপর আরোপিত কর হইতে বিয়োজন করিবে। তবে শর্ত থাকে যে, উক্ত বিয়োজন, বিয়োজন অনুমোদনের পূর্বে হিসাবকৃত কর অপেক্ষা চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে উদ্ভূত আয়ের সংশ্লিষ্ট কর বিয়োজনের পরিমাণ অধিক হইবে না।
- ২। এই অনুচ্ছেদের দফা ১ এর উদ্দেশ্য পূরণকল্পে, “পরিশোধিত কর” অর্থে চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের আইন ও বিধি অনুযায়ী কর অব্যাহতি অথবা কর হ্রাস মঞ্জুর করা না হইলে চুক্তি-সম্পাদনকারী সেই রাষ্ট্রে যে পরিমাণ কর প্রদেয় হইত, সেই পরিমাণ কর অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে।

অনুচ্ছেদ ২৫

বৈষম্যহীনতা

- ১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নাগরিকগণ যেরূপ পরিস্থিতিতে, বিশেষত আবাসস্থলের কারণে, কোনো কর তৎসংশ্লিষ্ট প্রয়োজনের অধীন হইয়া থাকেন বা হইতে পারেন, সেইরূপ পরিস্থিতিতে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নাগরিকগণ প্রথমোক্ত রাষ্ট্রে উহা অপেক্ষা ভিন্নতর অথবা অধিকতর দুর্বহ কোনো কর বা তৎসংশ্লিষ্ট কোনো প্রয়োজনের অধীন হইবেন না। অনুচ্ছেদ ১ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধান চুক্তি-সম্পাদনকারী এক বা উভয় রাষ্ট্রের নিবাসী নহেন এইরূপ ব্যক্তির ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।
- ২। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের কোনো স্থায়ী প্রতিষ্ঠান চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত থাকিয়া চুক্তি-সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের ন্যায় একই ধরনের কার্যাবলি পরিচালনা করিলে উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের উপর ধার্যযোগ্য কর চুক্তি-সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রের ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের উপর আরোপিত করের ন্যায় সমদৃষ্টিভঙ্গি সহকারে আরোপ করা হইবে। এই বিধান চুক্তি-সম্পাদনকারী একটি রাষ্ট্র উহার নিজস্ব অধিবাসীকে বেসামরিক মর্যাদা বা পারিবারিক দায়িত্বের কারণে করারোপণের উদ্দেশ্যে যে ব্যক্তিগত ভাতা, সাহায্য এবং হ্রাস মঞ্জুর করিয়া থাকে উহা চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের অধিবাসীকে প্রদানের জন্য উক্ত রাষ্ট্রকে বাধ্য করিতেছে মর্মে গণ্য হইবে না।
- ৩। যেক্ষেত্রে অনুচ্ছেদ ৯ এর দফা ১, অনুচ্ছেদ ১১ এর দফা ৭, অনুচ্ছেদ ১২ এর দফা ৬, অথবা অনুচ্ছেদ ১৩ এর দফা ৭ এর বিধানাবলি প্রযোজ্য সেইক্ষেত্রে ব্যতীত, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো নিবাসীকে প্রদত্ত সুদ, রয়্যালটি, কারিগরি সেবার ফি ও অন্যান্য প্রাপ্য অর্থাৎ উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের করযোগ্য মুনাফা নির্ধারণ করিবার উদ্দেশ্যে প্রথমোক্ত রাষ্ট্রের কোনো নিবাসীকে একই অবস্থার প্রেক্ষিতে উহা প্রদত্ত হইলে যেভাবে বিয়োজন করা হইত সেইভাবেই বিয়োজন করা হইবে।
- ৪। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের যেসকল ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের সমুদয় পুঁজি বা পুঁজির অংশবিশেষ চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের এক বা একাধিক নিবাসীর প্রত্যক্ষ বা পরোক্ষ মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন, প্রথমোক্ত রাষ্ট্রের অনুরূপ অন্যান্য ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান যে ধরনের করারোপণ ও তৎসংশ্লিষ্ট প্রয়োজনের অধীন হয় বা হইতে পারে, প্রথমোক্ত রাষ্ট্রে সেইসকল ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান উহা অপেক্ষা ভিন্নতর অথবা অধিকতর দুর্বহ কোনো করারোপণ ও তৎসংশ্লিষ্ট আবশ্যকতার অধীন হইবে না।
- ৫। কাতারের অভ্যন্তরীণ কর আইনের অধীন কাতারের কোনো নাগরিকের উপর কর আরোপ না করা হইলে উহা এই অনুচ্ছেদের আওতায় বৈষম্য হিসাবে বিবেচিত হইবে না।
- ৬। এই চুক্তির অনুচ্ছেদ ২ এ যাহা কিছুই থাকুক না কেন, এই অনুচ্ছেদের বিধানাবলি সকল প্রকার এবং বর্ণনার করের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ২৬

পারস্পরিক ঐকমত্যের কার্যপদ্ধতি

- ১। যেক্ষেত্রে কোনো ব্যক্তি মনে করেন যে, চুক্তি-সম্পাদনকারী এক বা উভয় রাষ্ট্রের গৃহীত ব্যবস্থার ফলে তাহার উপর এই চুক্তির বিধানাবলির পরিপন্থি করারোপ করা হইয়াছে অথবা হইবে, সেইক্ষেত্রে চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের অভ্যন্তরীণ আইনের মাধ্যমে প্রতিকার সত্ত্বেও তিনি চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী সেই রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট অথবা যদি তাহার বিষয় অনুচ্ছেদ ২৫ এ দফা ১ এর অধীন হয়, তাহা হইলে তিনি চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রের নাগরিক সেই রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাহার বিষয়টি পেশ করিতে পারিবেন। বিষয়টি এই চুক্তির বিধান অনুযায়ী করা হয় নাই এইরূপ করারোপণ সম্পর্কিত কার্যক্রম প্রথম জারি হইবার পর হইতে তিন বৎসরের মধ্যে অবশ্যই পেশ করিতে হইবে।
- ২। যদি উক্তরূপ আপত্তি উপযুক্ত কর্তৃপক্ষের নিকট ন্যায়সঙ্গত বলিয়া প্রতীয়মান হয় এবং যদি উক্ত কর্তৃপক্ষ স্বয়ং উহার সুষ্ঠু সমাধানে উপনীত হইতে অপারগ হন, তাহা হইলে এই চুক্তির ব্যত্যয়ে আরোপিত কর পরিহারের উদ্দেশ্যে উক্ত উপযুক্ত কর্তৃপক্ষ চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের সহিত পারস্পরিক সমঝোতার মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করিবার প্রচেষ্টা গ্রহণ করিবেন। এইরূপ কোনো সমঝোতা বাস্তবায়নে চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের অভ্যন্তরীণ আইনে কোনো সময়সীমা নির্দিষ্ট থাকিলেও উহা কোনো বাধা হইবে না।
- ৩। এই চুক্তির ব্যাখ্যা অথবা প্রয়োগ সম্পর্কে কোনো জটিলতা বা সংশয় সৃষ্টি হইলে চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ পারস্পরিক সমঝোতার ভিত্তিতে উহা নিরসনের জন্য প্রচেষ্টা করিবেন। এই চুক্তিতে বিধান করা হয় নাই এইরূপ কোনো ক্ষেত্রে দ্বৈতকর পরিহারের উদ্দেশ্যে তাহারা পরস্পর আলোচনাও করিতে পারিবেন।
- ৪। চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ পূর্ববর্তী দফাসমূহের আলোকে সমঝোতায় উপনীত হইবার উদ্দেশ্যে পরস্পরের সহিত সরাসরি এবং উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ বা উহাদের প্রতিনিধিগণের সমন্বয়ে গঠিত যৌথ কমিশনের মাধ্যমে যোগাযোগ করিতে পারিবেন।

অনুচ্ছেদ ২৭

তথ্য বিনিময়

- ১। চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষ এই চুক্তির বিধানাবলি কার্যকর করিবার জন্য অথবা চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র বা উহার কোনো রাজনৈতিক উপ-বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষের পক্ষে আরোপযোগ্য সকল প্রকার ও বর্ণনার কর সংক্রান্ত অভ্যন্তরীণ আইনের পরিচালনা ও কার্যকরকরণের প্রয়োজনে, যতটুকু এই চুক্তির সহিত সাংঘর্ষিক নহে ততটুকু, পরস্পর তথ্য বিনিময় করিবে। এইরূপ তথ্য বিনিময় এই চুক্তির অনুচ্ছেদ ১ এবং ২ দ্বারা ব্যাহত হইবে না।

- ২। এই অনুচ্ছেদের দফা ১ এর অধীন চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র কর্তৃক প্রাপ্ত তথ্য উক্ত রাষ্ট্রের নিজস্ব আইন দ্বারা সংগৃহীত তথ্য যেরূপ গোপন বলিয়া বিবেচিত হয় সেইরূপ গোপন বলিয়া বিবেচিত হইবে এবং কেবল দফা ১ এ উল্লিখিত করসমূহের নির্ধারণ অথবা আদায়, প্রয়োগ অথবা বিচার, আপিল নির্ধারণের সহিত সম্পর্কিত তত্ত্বাবধায়ক ব্যক্তি বা কর্তৃপক্ষের (আদালত এবং প্রশাসনিক কর্তৃপক্ষসহ) নিকট প্রকাশ করা যাইবে। এইরূপ ব্যক্তি বা কর্তৃপক্ষ এইরূপ তথ্য কেবল উক্ত উদ্দেশ্যেই ব্যবহার করিবেন। তাহারা এইরূপ তথ্য রাষ্ট্রীয় আদালতের কার্যক্রম বা বিচারিক সিদ্ধান্তে প্রকাশ করিতে পারিবেন। উপরে যাহাই উল্লেখ থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র কর্তৃক প্রাপ্ত তথ্য উভয় রাষ্ট্রের আইনের অধীন এবং সরবরাহকারী রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অন্যবিধ উদ্দেশ্যেও ব্যবহার করা যাইবে।
- ৩। দফা ১ এর বিধানাবলি কোনো অবস্থাতেই চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের উপর নিম্নরূপ কোনো বাধ্যবাধকতা আরোপ করিতেছে মর্মে গণ্য করা যাইবে না—
- (ক) চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রে বা অপর রাষ্ট্রের আইনের অথবা প্রশাসনিক রীতির পরিপন্থি কোনো প্রশাসনিক ব্যবস্থা কার্যকরকরণ;
- (খ) চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের বা অপর রাষ্ট্রের আইনের অধীন অথবা স্বাভাবিক প্রশাসনিক পদ্ধতির মাধ্যমে প্রাপ্তি সম্ভবপর নহে এইরূপ তথ্য সরবরাহ করা;
- (গ) কোনো কারবার, ব্যবসা, শিল্প, বাণিজ্য সংক্রান্ত অথবা পেশাগত গোপনীয়তা অথবা ব্যবসার পদ্ধতি বা তথ্য ফাঁস হইয়া যায় এইরূপ কোনো তথ্য সরবরাহ করা যাহার প্রকাশ সরকারি নীতির পরিপন্থি।
- ৪। এই অনুচ্ছেদ অনুযায়ী চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র কর্তৃক কোনো তথ্যের জন্য অনুরোধ করা হইলে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র, নিজস্ব করারোপণের উদ্দেশ্যে উক্ত তথ্যের প্রয়োজন না হইলেও, তাহার তথ্য সংগ্রহের নিজস্ব পদ্ধতি ব্যবহারপূর্বক অনুরোধকৃত তথ্য সংগ্রহের জন্য পদক্ষেপ গ্রহণ করিবে। পূর্ববর্তী বাক্যে উল্লিখিত বাধ্যবাধকতা দফা ৩ এর সীমাবদ্ধতা অনুযায়ী প্রতিপালিত হইবে, তবে কোনো পরিস্থিতিতেই উক্ত সীমাবদ্ধতা চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রকে এইরূপ তথ্যে অভ্যন্তরীণ স্বার্থ নাই, কেবল এই কারণে উক্ত তথ্য সরবরাহে অপারগতা জ্ঞাপনে অনুমতি প্রদান করিবে না।
- ৫। কোনো অবস্থাতেই দফা ৩ এর বিধানাবলি চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রকে তথ্য ব্যাংক, অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠান, কোনো এজেন্সিতে কর্মরত বা আস্থার সম্পর্কে আবদ্ধ এইরূপ কোনো নমিনি বা ব্যক্তি কর্তৃক ধারণকৃত অথবা কোনো ব্যক্তির সহিত মালিকানা-স্বার্থ সংশ্লিষ্ট, কেবল এই কারণে উক্ত তথ্য সরবরাহে অপারগতা জ্ঞাপনে অনুমতি প্রদান করে এই মর্মে ব্যাখ্যা করা যাইবে না।

অনুচ্ছেদ ২৮**কূটনৈতিক মিশন ও কনস্যুলার পোস্টের সদস্যগণ**

এই চুক্তির কোনো কিছুই আন্তর্জাতিক আইনের সাধারণ নিয়মাবলি অথবা বিশেষ চুক্তির বিধানাবলির আওতায় কূটনৈতিক মিশন ও কনস্যুলার পোস্টের সদস্যগণকে প্রদত্ত আর্থিক সুযোগ-সুবিধাকে ব্যাহত করিবে না।

অনুচ্ছেদ ২৯**সুবিধার স্বাধিকার**

- ১। এই চুক্তির অন্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কোনো ধরনের আয়ের জন্য এই চুক্তির অধীন কোনো সুবিধা প্রদেয় হইবে না, যদি সকল প্রাসঙ্গিক তথ্য ও পরিস্থিতি বিবেচনায় যুক্তিসঙ্গতভাবে প্রতীয়মান হয় যে, যে ব্যবস্থা অথবা লেনদেনের কারণে প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে উক্ত সুবিধার উদ্ভব, উক্ত সুবিধাপ্রাপ্তি কোনো ব্যবস্থা অথবা লেনদেনের অন্যতম মুখ্য উদ্দেশ্য ছিল। তবে, যদি ইহা প্রতিষ্ঠিত করা যায় যে, এই চুক্তির প্রাসঙ্গিক বিধানাবলির উদ্দেশ্য ও লক্ষ্য অনুযায়ী সেই পরিস্থিতিতে উক্ত সুবিধা প্রদান যুক্তিসঙ্গত, তাহা হইলে সেই সুবিধা মঞ্জুর করা যাইবে।
- ২। যেক্ষেত্রে কোনো ব্যক্তিকে দফা ১ এর অধীন এই চুক্তি অনুযায়ী কোনো সুবিধা প্রদান করিতে অস্বীকার করা হয়, সেইক্ষেত্রে চুক্তি-সম্পাদনকারী সেই রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ যাহা ভিন্ন অবস্থায় উক্ত সুবিধা মঞ্জুর করিত, উক্ত ব্যক্তিকে এই সুবিধার অথবা বিশেষ ধরনের আয়ের ক্ষেত্রে প্রদেয় ভিন্ন কোনো সুবিধার অধিকারী হিসাবে গণ্য করিবে, যদি উক্ত উপযুক্ত কর্তৃপক্ষ সেই ব্যক্তির আবেদন ও প্রাসঙ্গিক তথ্য ও পরিস্থিতি বিবেচনায় নির্ধারণ করে যে, দফা ১ এ উল্লিখিত লেনদেন বা ব্যবস্থার অবর্তমানে উক্ত সুবিধা মঞ্জুর করা হইত। চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট কোনো আবেদন করা হইয়াছে, সেই উপযুক্ত কর্তৃপক্ষ অপর রাষ্ট্রের কোনো নিবাসীর কোনো আবেদন প্রত্যাখ্যান করিবার পূর্বে উক্ত অপর রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের সহিত পরামর্শ করিবে।

অনুচ্ছেদ ৩০**বলবৎকরণ**

- ১। চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্র চুক্তি বলবৎ করিবার জন্য আবশ্যিক স্ব স্ব রাষ্ট্রের আইনগত প্রক্রিয়া সম্পন্ন হইবার বিষয়টি কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে লিখিতভাবে পরস্পরকে অবহিত করিবে। এইরূপ অবহিতকরণের সর্বশেষ নোটিশ প্রাপ্তির তারিখ হইতে চুক্তিটি বলবৎ হইবে।

২। এই চুক্তির বিধানাবলি কার্যকর হইবে—

(ক) কাতারে—

(অ) উৎসে কর্তিত করের ক্ষেত্রে, পরিশোধ ও জমার জন্য, এই চুক্তি বলবৎ হইবার অব্যবহিত পরবর্তী পঞ্জিকা বর্ষের জানুয়ারি মাসের প্রথম অথবা তৎপরবর্তীতে; এবং

(আ) আয়ের উপর আরোপিত অন্যান্য করের ক্ষেত্রে, এই চুক্তি বলবৎ হইবার অব্যবহিত পরবর্তী পঞ্জিকা বর্ষের জানুয়ারি মাসের প্রথম অথবা তৎপরবর্তীতে শুরু হওয়া করারোপযোগ্য বৎসরের ক্ষেত্রে।

(খ) বাংলাদেশে—

(অ) উৎসে কর্তিত করের ক্ষেত্রে, পরিশোধ ও জমার জন্য, এই চুক্তি বলবৎ হইবার অব্যবহিত পরবর্তী তারিখের জুলাই মাসের প্রথম অথবা তৎপরবর্তী দিবসে; এবং

(আ) আয়ের উপর আরোপিত অন্যান্য করের ক্ষেত্রে, এই চুক্তি বলবৎ হইবার অব্যবহিত পরবর্তী তারিখের জুলাই মাসের প্রথম অথবা তৎপরবর্তী দিবসে শুরু হওয়া আয় বৎসরে।

অনুচ্ছেদ ৩১

অবসান

১। চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র কর্তৃক অবসান না ঘটানো পর্যন্ত এই চুক্তি বলবৎ থাকিবে। চুক্তি-সম্পাদনকারী যেকোনো রাষ্ট্র অপর রাষ্ট্রকে কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে চুক্তি কার্যকর হইবার পাঁচ বৎসর পর কোনো পঞ্জিকা বর্ষ সমাপ্ত হইবার কমপক্ষে ছয় মাস পূর্বে অবসানের লিখিত নোটিশ দ্বারা চুক্তির অবসান ঘটাইতে পারিবে।

২। এইরূপ ক্ষেত্রে চুক্তির কার্যকারিতা নিম্নরূপভাবে রহিত হইবে—

(ক) কাতারে—

(অ) উৎসে কর্তিত করের ক্ষেত্রে, পরিশোধ ও জমার জন্য, এইরূপ নোটিশ প্রদানের তারিখের পরবর্তী পঞ্জিকা বর্ষের জানুয়ারি মাসের প্রথম অথবা তৎপরবর্তীতে; এবং

(আ) আয়ের উপর আরোপিত অন্যান্য করের ক্ষেত্রে, এইরূপ নোটিশ প্রদানের তারিখের পরবর্তী পঞ্জিকা বর্ষের জানুয়ারি মাসের প্রথম অথবা তৎপরবর্তী দিবসে শুরু হওয়া কোনো করারোপণযোগ্য বৎসরের ক্ষেত্রে।

(খ) বাংলাদেশে—

(অ) উৎসে কর্তিত করের ক্ষেত্রে, পরিশোধ ও জমার জন্য এইরূপ নোটিশ প্রদানের তারিখের পরবর্তী জুলাই মাসের প্রথম অথবা তৎপরবর্তী দিবসে এবং

(আ) আয়ের উপর আরোপিত অন্যান্য করের ক্ষেত্রে, এইরূপ নোটিশ প্রদানের তারিখের পরবর্তী জুলাই মাসের প্রথম অথবা তৎপরবর্তীতে শুরু হওয়া কোনো আয় বৎসরে।

এই চুক্তির সাক্ষীস্বরূপ এতদ্বিষয়ে নিম্নস্বাক্ষরকারীগণ তাহাদের স্ব স্ব সরকার কর্তৃক যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত হইয়া এই চুক্তি স্বাক্ষর করিলেন।

অদ্য ২৩-০৪-২০২৪ তারিখে বাংলা, আরবি এবং ইংরেজি ভাষায় প্রতিটি মূল দুই প্রস্থে এই চুক্তি সম্পাদিত হইল; এই চুক্তির প্রত্যেকটি পাঠই সমভাবে নির্ভরযোগ্য। তবে ব্যাখ্যার ক্ষেত্রে কোনোরূপ বিরোধ সৃষ্টি হইলে, উহার ইংরেজি পাঠই প্রাধান্য পাইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে

দি স্টেট অব কাতার সরকারের পক্ষে

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd